# ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)

বি-৩০ এখলাস উদ্দিন খান রোড
আনন্দপুর, সাভার, ঢাকা-১৩৪০

**ক. ভার্ক পরিচিতি:**

ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার ১৯৭৭ গঠিত হয়। সংক্ষেপে এর পরিচয় ভার্ক বা ভি ই আর সি, এ নামের অর্থ - পল্লী সম্পদ ব্যবহার শিক্ষা কেন্দ্র। গঠনকালে ভার্ক ইউনিসেফের আর্থিক সহায়তায় সেভ দ্যা চিল্ড্রেন (ইউএসএ) এর একটি প্রকল্প হিসেবে আত্মপ্রকাশ করে। শুরুতে প্রকল্পটির উদ্দেশ্য ছিল বিভিন্ন শিক্ষা উপকরণ তৈরি, সংগ্রহ এবং তার উন্নয়ন। এসব উপকরণ সমূহ যাচাই ও গ্রহণযোগ্যতা পরীক্ষার পর তা বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার মধ্যে ছড়িয়ে দেয়া। ভাকর্-কে ১৯৮১ সালে একটি বেসরকারী স্বেচ্ছাসেবী উন্নয়ন সংগঠনে রূপ দেয়া হয়। ভার্ক হয়ে ওঠে এ দেশীয় সংগঠন।

**খ. আইনগত বৈধতাঃ**

ভার্ক ১৯৮১ সালে জয়েন্ট স্টক কোম্পানীজ এর নিবন্ধন লাভ করে, ১৯৮২ সালে এনজিও বিষয়ক ব্যুরোর নিবন্ধন লাভ করে, ১৯৮৯ সালে সমাজ সেবা অধিদপ্তর এর নিবন্ধন লাভ করে এবং ২০০৭ সালে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি এর নিবন্ধন লাভ করে।

গ. **সংস্থার লক্ষ্য, উদ্দেশ্য এবং বিশেষত্ব:**

**সংস্থার লক্ষ্য:**

- অনগ্রসরদের সক্রিয অংশগ্রহণ এবং ক্ষমতায়ন।
- মানুষের ক্ষমতা বিকাশ।

**সংস্থার উদ্দেশ্য:**

মানব উন্নয়নের জন্য একটি গতিশীল ও অংশীদারিত্বমূলক স্থায়ীত্বশীল প্রক্রিয়া প্রতিষ্ঠা ও নিশ্চিত করা। ভার্ক-এর কর্তব্য-কর্ম বা মিশন হচ্ছে “মানব উন্নয়নের লক্ষ্যে এমন এক গতিময় প্রাঞ্জল প্রক্রিয়া গড়ে তোলা ও বিকশিত করা, যে প্রক্রিয়া হবে অংশগ্রহণমূলক এবং টেকসই। ” তাই ভার্ক কর্মক্ষেত্রে নতুন-নতুন প্রক্রিয়া গড়ে তোলে আর তারপর তা থেকে শেখা বিষয়গুলো উন্নয়ন কাজে নিয়োজিত অন্যদের কাছে পৌঁছে দেয়।

**সংস্থার বিশেষত্ব:**

ন্যায়বিচার, ন্যাযপরায়ণতা এবং টেকসইতার উপর ভিত্তি করে একটি স্বনির্ভর এবং আলোকিত সমাজ যেখানে প্রতিটি মানুষেরই তাদের সম্ভাবনা সর্বাধিক করার সমান সুযোগ রয়েছে।

**ঘ. সংস্থার প্রধান কর্যালয়ের ঠিকানা ঃ**

ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)
বি-৩০ এখলাস উদ্দিন খান রোড
আনন্দপুর, সাভার, ঢাকা-১৩৪০


**ঙ. প্রকল্প অফিস ঃ**

ভিলেজ এডুকেশন রিসোর্স সেন্টার (ভার্ক)
এসকে টুওয়ার, উত্তর তারাবুনিয়ারছড়া
কক্সবাজার পৌরসভা, কক্সবাজার।

**চ. কক্সবাজার জেলায় বাস্তবায়িত প্রকল্পের বিবরণ ঃ**

**প্রকল্পের নাম ঃ** Implementation of Cox's Bazar WASH Program following Community Approaches to Total Sanitation (CATS), Promotion of Water Safety Plans and WASH in Institution under GoB-UNICEF Project.

প্রকল্পের সংক্ষিপ্ত নাম ঃ **DEVCO-II WASH Project & INTPA-II WASH Project**
সহায়তায় ঃ ইউনিসেফ
প্রকল্পের মেয়াদকাল ঃ । **DEVCO-II WASH Project** ফেব্রুয়ারি ২০২১ ইং হতে জানুয়ারি ২০২৩ ইং এবং **INTPA-II WASH Project** ফেব্রুয়ারি ২০২৩ ইং হতে আগস্ট ২০২৪ ইং পর্যন্ত ।
প্রকল্প কর্ম এলাকা ঃ চৌফলদন্ডি ইউনিয়ন, কক্সবাজার সদর উপজেলা এবং ছোট মহেশখালী ইউনিয়ন, মহেশখালী।




**<u>কোভিড-১৯ মোকাবেলায় সহায়তাকরণ</u>**

ক্স কোভিড-১৯ মোকাবেলায় কক্সবাজার জেলায় বিভিন্ন উপজেলায় নিয়মিতভাবে ৩০০০ পানির উৎস জীবাণুনাশক স্প্রে কার্যক্রম পরিচালনা করা এবং কমিউনিটির জনগোষ্ঠিকে সচেতন করা;
ক্স কক্সবাজার জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, স্বাস্থ্য সেবা কেন্দ্র এবং জনসমাগম স্থানে ১০০০টি হাত ধোয়ার প্রযুক্তি (যধহফ ধিংযরহম ফবারপবং) স্থাপন করা
ক্স কোভিড-১৯ মোকাবেলায় সচেতনতা বৃদ্ধির এবং মোকাবেলায় ইউনিয়ন ও ওয়ার্ড ওয়াটসান কমিটিকে সহায়তা প্রদান করা
জনগণের নেতৃত্বে শতভাগ স্যানিটেশন

**<u>ওয়াশ বেইসলাইন সার্ভে</u>**

ক্স খানা পর্যায়ে ওয়াশ বিষয়ক অনলাইন সার্ভে পরিচালনা করা- ২৫০০টি খানা
ক্স বেইসলাইন সার্ভের তথ্য ও উপাত্ত নিয়মিতভাবে হালনাগাদ করা

**খোলা পায়খানা মুক্তকরন ও উন্নত স্যানিটেশন ব্যবহার**

ক্স জনগণের অংশগ্রহণ ও নেতৃত্বের মাধ্যমে কমিউনিটির ওয়াশ অবস্থা বিশ্লেষণ

ক্স জনগণের নেতৃত্বে কমিউনিটি ও ওয়ার্ড খোলা পায়খানা মুক্ত কমিউনিটি ও ওয়ার্ড ঘোষণা করা

ক্স কমিউনিটির সাথে স্থানীয় স্যানিটেশন ব্যবসায়ীদের সাথে কার্যকর যোগাযোগ ও সংযোগ স্থাপন

**নিরাপদ পানি এবং নিরাপদ পানি পরিকল্পনা**

ক্স পানির নিরাপদ ব্যবহার নিশ্চিত করতে অরিয়েন্টশন প্রদান করা

ক্স খানা পর্যায়ে পানির নিরাপদ ব্যবহার চর্চা করাতে সহায়তা করা

ক্স কমিউনিটি পর্যায়ে পানির উৎস পরিষ্কার পরিচ্ছন্নতা ও জীবানুমুক্ত রাখতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করা

**স্বাস্থ্যবিধি উন্নয়ন**

ক্স স্বাস্থ্যবিধি উন্নয়ন বিষয়ক সচেতনতামূলক উঠান বৈঠক

ক্স নারী ও কিশোরীদের জন্য ঋতুকালীন স্বাস্থ্যবিধি পরিচর্যা বিষয়ক সচেতনতামূলক উঠান বৈঠক

ক্স কমিউনিটির নেতৃত্বে খানা পর্যায়ে স্বল্প মূল্যের হাত ধোয়ার প্রযুক্তি স্থাপন ও সম্প্রসারন করা

**প্রাতিষ্ঠানিক পর্যায়ে ওয়াশ**

**স্কুল পর্যায়ে ওয়াশ অবস্থার উন্নয়ন**

ক্স ওয়াশ ব্লক নির্মাণের জন্য স্কুল পর্যায়ে ওয়াশ বিষয়ক অবস্থা নিরুপণ করা

ক্স মাধ্যমিক স্কুল পর্যায়ে ওয়াশ ব্লক নির্মাণ করা

ক্স তিন তারকা পদ্ধতিতে স্কুল পর্যায়ে ওয়াশ অবস্থা উন্নয়নে সহায়তা করা

ক্স স্কুল ব্যবস্থাপনা কমিটি ও শিক্ষকদের জন্য ওয়াশ বিষয়ক অরিয়েন্টশন প্রদান করা

**স্বাস্থ্য সেবা কেন্দ্র পর্যায়ে্র ওয়াশ অবস্থার উন্নয়ন**

ক্স ওয়াশ ব্লক নির্মাণের জন্য স্বাস্থ্য সেবা কেন্দ্রগুলোতে ওয়াশ বিষয়ক অবস্থা নিরুপণ করা

ক্স স্বাস্থ্য সেবা কেন্দ্রগুলোতে ওয়াশ ব্লক নির্মাণ করা

ক্স স্বাস্থ্য সেবা কেন্দগুর্লোর স্বাস্থ্যকর্মীর জন্য ওয়াশ বিষয়ক অরিয়েন্টশন প্রদান করা

**প্রত্যাশিত ফলাফল ঃ**

ক্স ২৫০০০ জন (শিশু, নারী এবং পিছিয়ে পড়া সুবিধাবঞ্চিত জনগোষ্ঠি) উন্নত ল্যাট্রিনের সুবিধা পাবে

ক্স ৫০ টি কমিউনিটি/পাড়ার (আনুমানিক ৫০০০ খানা) নিরাপদ পানির অভিগম্যতা পাবে/আওতায় আসবে

ক্স ২৫০০০ জন (শিশু, নারী, কিশোরী এবং পিছিয়ে পড়া সুবিধাবঞ্চিত জনগোষ্ঠি) সচেতনতামূলক সেশনের মাধ্যমে স্বাস্থ্যবিধি উন্নয়ন বিষয়ক বার্তা পাবে ও চর্চা করবে

ক্স ৭০০০ জন নারী ও কিশোরী ঋতুকালীন স্বাস্থ্যবিধি পরিচর্যা বিষয়ক সচেতন ও চর্চা করবে।

ক্স ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে নতুন ওয়াশ অবকাঠামো নির্মাণ এবং ওয়াশ অবস্থার উন্নয়ন হবে,

ক্স ১০টি স্বাস্থ্য সেবা কেন্দ্রে (কমিউনিটি ক্লিনিক) নতুন ওয়াশ অবকাঠামো নির্মাণ এবং ওয়াশ অবস্থার উন্নয়ন হবে,

ক্স প্রশিক্ষণ, কর্মশালা, সভা এবং অরিয়েন্টেশনের মাধ্যমে প্রকল্পের বিভিন্ন স্টেকহোল্ডারদের ওয়াশ বিষয়ক দক্ষতার উন্নয়ন;

## চৌফলদন্ডি ইউনিয়নের (৮ টি ওয়ার্ড) ওয়াশ বিষয়ক বেইজ তথ্য:

| ওয়ার্ড নং | মোট পরিবার | অর্থনৈতিক শ্রেণী | | | | ৫ বছরের নীচে বয়স | | ৫+ হতে ১৮ বছর | | ১৮ এর উপরে বয়স | | মোট জনসংখ্যা | ভিন্ন ধারার সক্ষম ব্যক্তি | | নলকূপের অবস্থা | | ল্যাট্রিনের অবস্থা | | | | ল্যাট্রিনের মালিকানা | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | অতি দরিদ্র | দরিদ্র | মধ্যবিত্ত | ধনী | বালিকা | বালক | বালক | বালিকা | পুরুষ | মহিলা | | পুরুষ | মহিলা | নলকূপ আছে | প্লাটফর্ম আছে | খোলা ল্যাট্রিন | ঝুলন্ত ল্যাট্রিন | স্বাস্থ্যসম্মত ল্যাট্রিন | অস্বাস্থ্যকর ল্যাট্রিন | নিজের | যৌথ ল্যাট্রিন | যৌথ ব্যবহারকারী পরিবার | |
| ১ | ৩৮২ | ২৯ | ২৪৬ | ৭০ | ৩৭ | ১০৭ | ৯৪ | ১৬৫ | ১৩৫ | ৭৬০ | ৮২৯ | ২০৯০ | ০ | ১ | ১১৪ | ১১৪ | ০ | ১ | ৬৮ | ২২৭ | ২২৯ | ৬৭ | ১৫৩ | ৫ নং ওয়ার্ড জরিপ করা হয়নি |
| ২ | ৭৩১ | ৫৬ | ৫৪২ | ১১৭ | ১৬ | ২৬৮ | ৩০৯ | ৫৮১ | ৫৩৪ | ১০৮৯ | ১০৪৭ | ৩৮২৮ | ১৪ | ১৫ | ১৪০ | ১৪০ | ০ | ২২ | ৫০ | ৩৬৯ | ১৮৯ | ২৫২ | ৫৪২ | |
| ৩ | ৮৫৯ | ৮৭ | ৪৮৭ | ২১৩ | ৭২ | ৩৩৬ | ৩৩৮ | ৭১৯ | ৬৭২ | ১৪০০ | ১৩৫৮ | ৪৮২৩ | ৭ | ৪ | ১৭০ | ১৭০ | ০ | ৩৭ | ৬৬ | ৪৪৬ | ২৪২ | ৩০৭ | ৬১৭ | |
| ৪ | ৮৪৩ | ৫৩ | ৫৫৯ | ১৬৪ | ৬৭ | ২৫৯ | ৩০৫ | ৭০৪ | ৬৬৮ | ১৩১৩ | ১১৬৪ | ৪৪১৩ | ৭ | ২ | ১৪৩ | ১৪৩ | ০ | ৬৭ | ৪৯ | ৪৯১ | ৩৭১ | ২৩৬ | ৪৭২ | |
| ৬ | ৭৬০ | ২৬ | ৩৬০ | ২৪৬ | ১২৮ | ২৪৭ | ২৬৭ | ৫২৯ | ৪৮১ | ১০২৮ | ১০৪০ | ৩৫৯২ | ১৫ | ১০ | ১৮০ | ১৭৯ | ১ | ০ | ১২৮ | ৪১৮ | ৪০৮ | ১৩৮ | ৩৫১ | |
| ৭ | ৭১৬ | ৯৩ | ১৮৭ | ২০৯ | ২২৭ | ২২৩ | ২৯২ | ৪৮৯ | ৫০০ | ৯০৩ | ১০৬৮ | ৩৪৭৫ | ২০ | ১৬ | ৩২৪ | ৩১৬ | ৪ | ০ | ২৭০ | ৩০৯ | ৪৯৭ | ৮২ | ২১৫ | |
| ৮ | ৬৩৯ | ৪৪ | ১৩৫ | ২৫১ | ২০৯ | ১৮৩ | ২২৫ | ৪২০ | ৪২০ | ৮৫৬ | ৯৬৫ | ৩০৬৯ | ৭ | ২ | ২৩৫ | ২১৫ | ৬ | ০ | ৫৬ | ৩৯৯ | ৩৫৭ | ৯৮ | ২৭৬ | |
| ৯ | ৫৯৬ | ৩৩ | ১৮২ | ২১৫ | ১৬৬ | ১৭৯ | ২০০ | ৪৫৬ | ৩৯৮ | ৭৪১ | ৮৬৫ | ২৮৩৯ | ৪ | ৯ | ২৫৮ | ২৫৮ | ৭ | ০ | ১৭৩ | ২৮১ | ৩৬৯ | ৮৫ | ২২০ | |
| **মোট** | **৫৫২৬** | **৪২১** | **২৬৯৮** | **১৪৮৫** | **৯২২** | **১৮০২** | **২০৩০** | **৪০৬৩** | **৩৮০৮** | **৮০৯০** | **৮৩৩৬** | **২৮১২৯** | **৭৪** | **৫৯** | **১৫৬৪** | **১৫৩৫** | **১৮** | **১২৭** | **৮৬০** | **২৯৪০** | **২৬৬২** | **১২৬৫** | **২৮৪৬** | |

## প্রকল্পের উল্লেখযোগ্য অর্জন সমূহ

| ক্রমিক নং | কাজের ধরণ | অর্জন | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | মোট | **DEVCO-II** | **INTPA-II** | |
| **১** | জনগনের নেতৃত্বে অস্বাস্থ্যকর পায়খানা স্বাস্থ্যসম্মতকরণ | **৫৮৬** | **৪২১** | **১৬৫** | |
| **২** | জনগণের নেতৃত্বে স্বাস্থ্যসম্মত পায়খানা স্থাপন | **২১৪৮** | **১৩২৭** | **৮২১** | |
| **৩** | জনগনের নেতৃত্বে শতভাগ খোলা পায়খানামুক্ত কমিউনিটি ঘোষনাকরণ | **৪৬** | **২৯** | **১৭** | |
| **৪** | পাবলিক প্লেসে হ্যান্ড ওয়াশিং ডিভাইস স্থাপন | **১৮২** | **১৮২** | - | |
| **৫** | জনগনের নেতৃত্বে হাউজহোল্ড ভিত্তিক হ্যান্ড ওয়াশিং ডিভাইস স্থাপন | **৫১১৬** | **২৭০০** | **২৪১৬** | |
| **৬** | শিক্ষা প্রতিষ্ঠানে ওয়াশ ব্লক স্থাপন | **৭** | **৫** | **২** | |
| **৭** | স্বাস্থ্যসেবা কেন্দ্রে(কমিউনিটি ক্লিনিক) ওয়াশ ব্লক স্থাপন | **৮** | **৫** | **৩** | |




কালু ফকিরপাড়া বালিকা দাখিল মাদ্রাসা ওয়াশ ব্লক




সাগরপাড়া কমিউনিটি ক্লিনিক ওয়াশ ব্লক

VILLAGE EDUCATION RESOURCE CENTER

VERC

unicef

সকল শিশুর জন্য